গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কমিশনারের কার্যালয়
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা
প্লট # ২ ও ৪, ব্লক-এ, রোড নং-১, মিরপুর-১১, ঢাকা-১২১৬।
www.vatdhakawest.gov.bd

নথি নং- ০৮.০১.২৬৪৮.১০৭.২৪.৮৬৪.২৫/ ৬৪৩৮ তারিখঃ ২৪/১২/২০২৫ খ্রিস্টাব্দ

**অফিস স্মারক**

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা-এর অধিক্ষেত্রাধীন মেসার্স অরুনিমা এ্যাপারেলস লিঃ, (বিআইএন-০০১১৬৩২১-০৪০১) ঠিকানা: প্লট নং-আই/১০, ব্লক-কে, রূপনগর শিল্প এলাকা, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬ নামীয় প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানিকারক প্রতিষ্ঠান। যার বন্ড লাইসেন্স নং-৬৫/কাস-এসবিডব্লিউ/২০০০, তারিখঃ ২০/০৯/২০২০ খ্রিঃ (কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা)। অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এর এস.আর.ও নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক, তারিখঃ ১৩/০৬/২০১৯ এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯ তারিখ ঃ ২৬/০৯/২০১৯ মোতাবেক উক্ত প্রতিষ্ঠানের ব্যবহৃত বিদ্যুৎ বিলের বিপরীতে নির্ধারিত মূল্য সংযোজন কর (মূসক) নিম্নে উল্লিখিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করা হলো ঃ

| প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও বিআইএন | অব্যাহতিপ্রাপ্ত পণ্য/সেবা | সংশ্লিষ্ট কোড | পণ্য উৎপাদনকার্যে ব্যবহৃত মিটার নম্বর | হিসাব নং/গ্রাহক নং | অব্যাহতির হার |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| মেসার্স অরুনিমা এ্যাপারেলস লিঃ, (বিআইএন-০০১১৬৩২১-০৪০১) ঠিকানা: প্লট নং-আই/১০, ব্লক-কে, রূপনগর শিল্প এলাকা, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬। | বিদ্যুৎ বিতরণকারী | S০৫৭.০০ | ১১০৭৬৬৪২ | ৩১১০৮৫১১ | ১০০% |
| | | | Q0491845 | ৩১১০৮৫২১ | |
| | প্রাকৃতিক গ্যাস | HS Code ২৭১১.২১.০০ | ২৩৬৫৯ | ৩-০৪-০০০২০৭-০০-০১-৪ | ১০০% |
| | ওয়াসা | S০২৫.০০ | ০৮১৭৯২ | ০৪০১৭৩৯২৬৭ | ১০০% |
| | বন্দর | S০০৫.২০ | - | - | ১০০% |

শর্তসমূহ:

- কোনো ক্ষেত্রেই রপ্তানিকারক প্রতিষ্ঠানের কারখানা বা উৎপাদনস্থল ভিন্ন কোন অফিসে ব্যবহৃত সেবার ক্ষেত্রে মূসক অব্যাহতি প্রযোজ্য হবে না;
- একই মিটার যদি একাধিক প্রতিষ্ঠান ব্যবহার করে যার প্রত্যেকটি প্রতিষ্ঠান রপ্তানি পণ্য উৎপাদন করেনা, তাহলে বিদ্যুৎ, গ্যাস ও ওয়াসা বিলের উপর প্রযোজ্য মূসক পরিশোধ করতে হবে। অর্থাৎ এ ক্ষেত্রে মূসক অব্যাহতি প্রযোজ্য হবে না;
- মূসক অব্যাহতির সুবিধাভোগী প্রতিষ্ঠান প্রতি কর মেয়াদের মূসক দাখিলপত্রের (ফরম মূসক-৯.১) সাথে এরূপে অব্যাহতি প্রদত্ত মূসক সংশ্লিষ্ট তথ্য উল্লিখিত সাধারণ আদেশের পরিশিষ্ট-ক এ বর্ণিত ছকে বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসনের প্রমাণপত্র Proceeds Realization Certificate (PRC) সহ করমেয়াদ পরবর্তী মাসের ১৫ (পনের) তারিখের মধ্যে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, পল্লবী সার্কেল-১, মিরপুর, ঢাকা দাখিল করবেন;
- মূসক অব্যাহতি সুবিধাভোগী প্রতিষ্ঠানের ক্ষেত্রে তথ্য যাচাইপূর্বক বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসন বিষয়ে বা অন্য কোন বিষয়ে অসামঞ্জস্যতা পাওয়া গেলে আইনানুগ পন্থায় অব্যাহতি সুবিধা বাতিল করা হবে; এবং
- আলোচ্য মূসক অব্যাহতি **বিদ্যুৎ মিটার নম্বর- ১৬৭৯১৮৩৭ ও Q0491845 , গ্যাস মিটার নম্বরঃ ২৩৬৫৯, ওয়াসা মিটারঃ ০৮১৭৯২ এবং বন্দর সেবা তারিখঃ জানুয়ারি/২০২৬ খ্রিঃ** হতে প্রযোজ্য হবে।
- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা-৯০ (ক) অনুযায়ী বার্ষিক নিরীক্ষিত আর্থিক বিবরণী এ দপ্তরে দাখিল করতে হবে।

২৪/১২/২০২৫
(কাজী ফরিদ উদ্দীন)
কমিশনার (চলতি দায়িত্ব)
ফোনঃ +৮৮০-০২-৪১০০২৬৫৯
ই-মেইলঃ dhakawestcom@gmail.com

**ব্যবস্থাপনা পরিচালক**
মেসার্স অরুনিমা এ্যাপারেলস লিঃ,
(বিআইএন-০০১১৬৩২১-০৪০১)
ঠিকানা: প্লট নং-আই/১০, ব্লক-কে,
রূপনগর শিল্প এলাকা, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।

O/C

নথি নং- ০৮.০১.২৬৪৮.১০৭.২৪.৮৬৪.২৫/ ৮৪৩৮ (১-১৬) তারিখঃ ২৪/১২/২০২৫ খ্রিস্টা

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো ঃ**

০১। দ্বিতীয় সচিব (মূসক পরিঃ ও প্রত্যার্পণ), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।

০২। ব্যাবস্থাপনা পরিচালক, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড, ২২/বি, কবি ফররুখ সরণি, , নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।

০৩। নির্বাহী প্রকৌশলী, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড, রূপনগর বিক্রয় ও বিতরণ বিভাগ, প্লট-১/ক, এভিনিউ-৫, ব্লক-সি, সেকশন-৬, মিরপুর, ঢাকা-১২১৬।

০৪। ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোং লিঃ, ১০৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা।

০৫। ব্যবস্থাপক, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোং লিঃ, আঞ্চলিক বিতরন কার্যালয়, মিরপুর-১১, ঢাকা।

০৬। ব্যবস্থাপনা পরিচালক, ওয়াসা, ওয়াসা ভবন, ৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা।

০৭। কমিশনার, কাস্টমস হাউজ, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/মোংলা/আইসিডি (কমলাপুর), ঢাকা/পানগাঁও, কেরানিগঞ্জ, ঢাকা/কমিশনার, কাস্টম বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।

০৮। উপ/সহকারী কমিশনার, ডিইপিজেড (পূর্ব/পশ্চিম), সাভার, ঢাকা/আদমজি ইপিজেড, নারায়ণগঞ্জ/সিইপিজেড, চট্টগ্রাম/কুমিল্লা ইপিজেড, কুমিল্লা/ঈশ্বরদি, ইপিজেড, পাবনা/উত্তরা ইপিজেড, নীলফামারি/বাংলাবান্দা স্থলবন্দর, তেঁতুলিয়া, পঞ্চগড়/সোনামসজিদ স্থলবন্দর, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।

০৯। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।

১০। পরিচালক (ট্রাফিক) বেনাপোল।

১১। জেনারেল ম্যানেজার, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, বিমান কার্গো কমপ্লেক্স, ঢাকা।

১২। উপ-পরিচালক, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ, ভোমরা, সাতক্ষীরা।

১৩। টারমিনাল ম্যানেজার, পানগাঁও স্থলবন্দর ডিপো, ঢাকা।

১৪। ডেপুটি ট্রাফিক ম্যানেজার, আইসিডি কমলাপুর, ঢাকা।

১৫। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, মিরপুর বিভাগ, মিরপুর, ঢাকা [ তাঁকে জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯ তারিখঃ ২৬/০৯/২০১৯খ্রিঃ এ মোতাবেক কার্যক্রম গ্রহণপূর্বক প্রতি করমেয়াদের পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে এ দপ্তরে প্রতিবেদন প্রেরণ ও প্রতিষ্ঠানটির কার্যক্রমের প্রতি বিশেষ নজর রাখার জন্য বলা হলো]

১৬। রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, পল্লবী সার্কেল-১, মিরপুর, ঢাকা| [তাঁকে প্রতিষ্ঠানটির রপ্তানী কার্যক্রম মনিটরিং করে সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯ তারিখঃ ২৬/০৯/২০১৯ খ্রিঃ এর পরিশিষ্ট-খ মোতাবেক প্রতিবেদন যথাসময়ে বিভাগীয় দপ্তরে প্রেরণ করার জন্য বলা হলো। প্রয়োজনীয় মনিটরিং এর ব্যর্থতার জন্য রাজস্ব কর্মকর্তা ও এলাকা কর্মকর্তা দায়ী থাকবেন]

O/C

২৪.১২.২৫

(অলোক কুমার হাজরা)
উপ কমিশনার
কমিশনারের পক্ষে